# এসএসসির পরীক্ষাকেন্দ্রের তালিকা প্রকাশ

**নিজস্ব প্রতিবেদক ●**
করোনার মধ্যে ২০২১ সালের এসএসসি পরীক্ষার তারিখ চূড়ান্ত না হলেও ফরম পূরণের তারিখ ঘোষণা করা হয়েছে। এর মধ্যে গতকাল ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এসএম আমিরুল ইসলাম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন কেন্দ্রের তালিকা প্রকাশ করা হয়েছে।

ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে এসএসসি পরীক্ষা ২০২১-এর কেন্দ্র ও কেন্দ্রওয়ারী শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা প্রকাশ করা হয়েছে। এবার ১ লাখ ৩৮ হাজার ৯০৪টি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেন্দ্রসংক্রান্ত কোনো আবেদন থাকলে আগামী ২৪ মার্চ দুপুর ২টার মধ্যে লিখিত আবেদন বোর্ডের ■ **এরপর পৃষ্ঠা ৯, কলাম ৩**

# এসএসসির

**(৩ এর পৃষ্ঠার পর)** পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর জমা দিতে বলা হয়েছে। এর আগে এক বিজ্ঞপ্তিতে বলা হয়, শিক্ষার্থীদের তথ্য ও সম্ভাব্য তালিকা ঢাকা বোর্ডের ওয়েবসাইটে ২৮ মার্চ প্রকাশ করা হবে। সম্ভাব্য তালিকা থেকে আগামী ১ এপ্রিল থেকে ৭ এপ্রিল পর্যন্ত বিলম্ব ফি ছাড়া অনলাইনে ফরম পূরণ করতে পারবেন এসএসসি পরীক্ষায় অংশ নিতে ইচ্ছুক শিক্ষার্থীরা। বিলম্ব ফি ছাড়া অনলাইনে ফি জমা দেওয়ার শেষ সময় ৮ এপ্রিল। আর বিলম্ব ফিসহ ১০ এপ্রিল থেকে ১৪ এপ্রিল পর্যন্ত এসএসসির ফরম পূরণ করা যাবে।